



## প্রবাসী বাংলাদেশীদের জন্য স্বদেশে লাভজনক অবাধ প্রত্যাবাসনযোগ্য সঞ্চয়/বিনিয়োগের সুবিধাদি

প্রবাসী বাংলাদেশীদের বিদেশে অর্জিত আয় থেকে বাংলাদেশে আকর্ষণীয় সুদ/মুনাফায় অবাধে প্রত্যাবাসনযোগ্য আমানত ও বিনিয়োগের বিবিধ সুযোগ উন্মুক্ত রয়েছে; এসব আমানত ও বিনিয়োগ স্কীমে অংশগ্রহণের দ্বারা তাঁরা নিজেদের জন্য লাভজনক করমুক্ত সুদ/মুনাফা অর্জনের পাশাপাশি স্বদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ইতিবাচক অবদান রাখতে পারেন। প্রবাসী বাংলাদেশী আমানতকারী/বিনিয়োগকারীদের অবগতির জন্য বিদ্যমান স্কীমগুলোর প্রধান প্রধান দিকগুলো নিচে সারসংক্ষেপিত হলো :

### **(ক) অনিবাসী বৈদেশিক মুদ্রা মেয়াদী আমানত (Non-Resident Foreign Currency Deposit-NFCD) :**

\* বাংলাদেশে কার্যরত দেশী বা বিদেশী ব্যাংকের যে কোন অনুমোদিত ডিলারশীপ লাইসেন্সধারী শাখায় এক মাস, তিন মাস, ছয় মাস বা এক বছর মেয়াদের জন্য মার্কিন ডলার, পাউন্ড স্টার্লিং, জার্মান মার্ক, জাপানী ইয়েন বা ইউরো মুদ্রায় NFCD হিসাব খোলা যেতে পারে। প্রয়োজনীয় ন্যূনতম জমার পরিমাণ ১০০০ মার্কিন ডলার, ৫০০ পাউন্ড স্টার্লিং বা অন্যান্য মুদ্রায় সমতুল্য পরিমাণ অর্থ।

\* NFCD হিসাব পুনঃনবায়ন ভিত্তিতে অনির্দিষ্টকাল পর্যন্ত পরিচালনা করা যেতে পারে। হিসাবধারী স্বদেশে স্থায়ীভাবে প্রত্যাবর্তনের পরও হিসাব যতদিন পর্যন্ত ইচ্ছা পরিচালনা করা যেতে পারে। বিদেশে অর্জিত আয়ের অর্থ দ্বারা স্বদেশে স্থায়ীভাবে প্রত্যাবর্তনের পরও অনধিক ছয়মাস সময়কালের মধ্যে NFCD হিসাব খোলা যেতে পারে।

\* NFCD হিসাবের স্থিতির উপর সংশ্লিষ্ট মুদ্রার জন্য ইউরোক্যারেন্সী জমা সুদ হারের তুল্য সুদ বৈদেশিক মুদ্রায় অর্জিত হয়। অর্জিত সুদ বাংলাদেশে করমুক্ত।

\* মেয়াদ পূর্তির আগেও জমার আসলের অর্থ উত্তোলনযোগ্য, তবে সেক্ষেত্রে কোন সুদ অর্জিত হয় না।

\* NFCD হিসাবের আসল ও সুদের অর্থ বৈদেশিক মুদ্রায় যে কোন দেশে অবাধে প্রেরণযোগ্য, এই হিসাবের স্থিতি চলতি বিনিময়হারে বাংলাদেশ টাকায়ও অবাধে রূপান্তরযোগ্য।

\* NFCD হিসাব খোলার আবেদনপত্র ফরম প্রবাসী বাংলাদেশীগণ বিদেশে বাংলাদেশ দূতাবাসগুলোয় সংগ্রহ করতে পারবেন।

### **(খ) ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড :**

\* প্রবাসী বাংলাদেশীরা তাঁদের বিদেশে অর্জিত আয় থেকে বৈদেশিক মুদ্রা স্বদেশে প্রেরণ করে বাংলাদেশ টাকায় ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ডে পাঁচ বছর মেয়াদী বিনিয়োগ করতে পারেন।

\* ১০০০, ৫০০০, ১০০০০, ২৫০০০, ৫০০০০ ও ১০০০০০ টাকা মূল্যমানে এই বন্ড ক্রয় করা যেতে পারে। পুনঃ নবায়নযোগ্য এই বন্ডের উপর আকর্ষণীয় হারে টাকায় মুনাফা অর্জিত হয়, বর্তমান হার বার্ষিক ১২% (১৪/১১/২০০০ তারিখে), মুনাফার অর্থ বাংলাদেশে ব্যবহার্য।

\* মেয়াদপূর্তির আগে বন্ড ভাঙ্গানো হলে হ্রাসকৃত হারে মুনাফা প্রযোজ্য হয়। পঁচিশ হাজার টাকা বা ততোধিক মূল্যের ওয়েজ আনার্স ডেভেলপমেন্ট বন্ডের সঙ্গে অতিরিক্ত কোন ব্যয় ব্যতিরেকে মৃত্যু ঝুঁকি বীমার সুবিধা রয়েছে।

\* বিনিয়োগের আসলের অর্থ বিদেশে বৈদেশিক মুদ্রায় অবাধ প্রত্যাবাসনযোগ্য।

\* বন্ডের উপর অর্জিত সুদ বাংলাদেশে করমুক্ত। বিনিময় হার ঝুঁকি সত্ত্বেও উচ্চ মুনাফা হারের কারণে এবং মৃত্যু ঝুঁকি বীমা সুবিধার কারণে ওয়েজ আনার্স বন্ডে বিনিয়োগ বন্ডধারীর জন্য লাভজনক ও স্বার্থানুকূল দাড়ায়।

\* ওয়েজ আনার্স ডেভেলপমেন্ট বন্ড ক্রয়ের জন্য বাংলাদেশ সরকারের জাতীয় সঞ্চয় বিভাগ, বিদেশে কার্যরত বাংলাদেশী ব্যাংকের শাখা এবং বাংলাদেশ দূতাবাসগুলোর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

### **(গ) পোর্টফোলিও বিনিয়োগের জন্য অনিবাসী বিনিয়োগ টাকা হিসাব (Non-Resident Investor's Taka Account-NITA):**

\* প্রবাসী বাংলাদেশীদের বিদেশে অর্জিত বৈদেশিক মুদ্রা দ্বারা বাংলাদেশে মূলধন বাজারে শেয়ার ও সিকিউরিটিজ এ বিনিয়োগের জন্য বাংলাদেশে কোন অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় Non-resident Investor's Taka Account (NITA) খোলা যায়।

\* NITA হিসাবের স্থিতি থেকে ষ্টক এক্সচেঞ্জের মাধ্যমে বাংলাদেশী শেয়ার ও সিকিউরিটিজ ক্রয় করা যেতে পারে। ক্রীত শেয়ার সিকিউরিটিজ এর উপর অর্জিত ডিভিডেন্ড এবং শেয়ার/সিকিউরিটিজ বিক্রয়লব্ধ অর্থ NITA হিসাবে জমা করা যায়।

\* NITA হিসাবের সমুদয় স্থিতি চলতি বিনিময়হারে যে কোন সময় অবাধে বৈদেশিক মুদ্রায় বিদেশে প্রত্যাবাসন করা যেতে পারে।

\* বিনিয়োগে অর্জিত লভ্যাংশ বা মূলধনী লাভের ওপর কোন আয়কর পরিশোধ করতে হয় না।

\* NITA হিসাব বাংলাদেশে নমিনীর মাধ্যমে পরিচালনা করা যায়, হিসাব পরিচালনাকারী ব্যাংকও স্বয়ং নমিনীর ভূমিকায় কাজ করতে পারে।